

## আন্দোলনকারী প্রাথমিক শিক্ষকদের তালিকা করার নির্দেশ

### যুগান্তর রিপোর্ট

প্রাথমিক বিদ্যালয়ের আন্দোলনকারী সহকারী শিক্ষকদের তালিকা হচ্ছে। মন্ত্রণালয়ের নির্দেশে মাঠ পর্যায়ের শিক্ষা কর্মকর্তারা এ তালিকা করছেন। সরকারের নির্দেশনার পরও আন্দোলনে থাকায় চিহ্নিত এনব শিক্ষকের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেয়া হবে। জানতে চাইলে প্রাথমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালক মো. আলমগীর যুগান্তরকে জানান, 'আমরা উপ-পরিচালক (ডিডি), জেলা শিক্ষা কর্মকর্তা (ডিপিইও) এবং উপজেলা শিক্ষা কর্মকর্তাদের (টিইও) নির্দেশ দিয়েছি। তারা আন্দোলনে থাকা শিক্ষকদের তালিকা করবেন। কোন কোন শিক্ষক রাস নিচ্ছেন না তাদের তালিকা আজ (মঙ্গলবার) শেষ বিকাল পর্যন্ত তৈরি করবেন। কাল (আজ) ওই তালিকা পেলে আমরা সংশ্লিষ্টদের বিরুদ্ধে ব্যবস্থা নেব। তিনি আরও জানান, 'সরকারি কর্মকর্তা-নির্দেশ : পৃষ্ঠা ১৯ : কলাম ৪

## নির্দেশ : তালিকা করার (শেষ পৃষ্ঠার পর)

কর্মচারীদের বিরুদ্ধে ১৯৭৯ সালের দুটি আইন, ১৯৮২ ও ১৯৮৫ সালের বিধিমালা অনুযায়ী ব্যবস্থা নেয়া যায়। সহকারী শিক্ষকদের বিরুদ্ধে জেলা শিক্ষা কর্মকর্তাই ব্যবস্থা নেবেন।

১১তম গ্রেডে বেতন-ভাতা নির্ধারণসহ ৬ দফা দাবিতে সহকারী শিক্ষকরা আন্দোলনের ডাক দিয়েছেন। দাবি আদায়ের লক্ষ্যে ৪ অক্টোবর থেকে তারা ৪ ঘণ্টা করে কর্মবিরতি পালন করছেন। আগামীকাল পর্যন্ত তাদের এই কর্মসূচি রয়েছে। একই দাবিতে ১০ অক্টোবর তারা পূর্ণ দিবস কর্মবিরতিও ঘোষণা করে রেখেছেন।

সহকারী শিক্ষকদের বাইরে বিভিন্ন দাবিতে প্রধান শিক্ষকরাও আন্দোলন করছেন। তাদের গতকাল থেকে লাগাতার কর্ম বিরতিতে যাওয়ার কথা ছিল। বছরের শেষের দিকে এভাবে শিক্ষক আন্দোলনে শিক্ষা কার্যক্রম দারুণভাবে বিঘ্নিত হয়। এ অবস্থায় সোমবার প্রধান শিক্ষকদের সঙ্গে বৈঠক করেন প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী অ্যাডভোকেট মোস্তাফিজুর রহমান। ওই দিন মহাপরিচালকও প্রধান শিক্ষক এবং সহকারী শিক্ষকদের সঙ্গে বৈঠক করেন। বৈঠকের পর প্রধান শিক্ষকরা কর্মসূচি হ্রাস করেন। কিন্তু সহকারী শিক্ষকরা আন্দোলনে অনড় আছেন।

সহকারী শিক্ষকরা একাধিক প্রটিকর্বে আন্দোলন করছেন। এর মধ্যে সবচেয়ে বড় প্রটিকর্ম হচ্ছে প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক সমিতি ফেডারেশন। এ সংগঠনের নেতা শাহীনের আলআমীন মঙ্গলবার রাতে যুগান্তরকে বলেন, 'আন্দোলনকারী শিক্ষকদের তালিকা করার জন্য জেলায় জেলায় চিঠি পাঠানো হয়েছে। কিন্তু যত বিপদ বাধা আর হুমকি আসুক আমরা আন্দোলন করবই। আমরা সহকারী শিক্ষকরা ঐক্যবদ্ধ আছি। ঐক্যবদ্ধভাবে এই বাধা মোকাবেলা করব।' এক প্রশ্নের জবাবে তিনি বলেন, 'ছেলেমেয়েদের লেখাপড়ার ব্যাপারে আমরাও উদ্বিগ্ন। কিন্তু আমাদের দেয়ালে পিঠ ঠেকে গেছে। আমাদের দাবি ন্যায্য। তাই আন্দোলনে আছি।'